# ঠাকুরগাঁও সদর উপজেলা পরিষদের মার্চ/২০২৫ সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ খাইরুল ইসলাম
প্রশাসক
উপজেলা পরিষদ
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ : ১৩/০৩/২০২৫ খ্রিঃ।

সময় : সকাল ১১-০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে অত:পর আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার-কে আহ্বান জানানো হলে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন

উপজেলা নির্বাহী অফিসার গত ২৩/০২/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীর কোন সংযোজন বিয়োজন না থাকায় তা অনুমোদন ও দৃঢ় করা হয়।

২। বিভাগওয়ারী কার্যক্রম পর্যালোচনা

সভাপতি বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার আহ্বান জানালে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়<br>(ক) ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা: উপজেলা নির্বাহী অফিসার জানান, জাতীয় তথ্য বাতায়ন পৃথিবীর বৃহত্তম তথ্য বাতায়ন। মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে দেশের সকল সরকারী/আধা-সরকারী দপ্তরের তথ্য সহযোগে নির্মিত জাতীয় তথ্য বাতায়ন হাল-নাগাদ রাখার লক্ষ্যে এ উপজেলার ওয়েব পোর্টাল আপডেট রাখতে হবে। সকল ইউপি চেয়ারম্যান, সদস্যদের তথ্য ওয়েব পোর্টালে আপ-লোড করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। বদলীজনিত কারণে নব যোগদানকৃত কর্মকর্তা/কর্মচারী সম্পর্কে হাল-নাগাদ তথ্য তাৎক্ষনিকভাবে ওয়েব পোর্টালে সন্নিবেশ করতে হবে। এ লক্ষ্যে thakurgaonsadar. thakurgaon.gov.bd ঠিকানায় ভিজিট করে হাল নাগাদ তথ্য আপলোড করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br>(খ) শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন: প্রতিটি অফিস আদালতে শুদ্ধ আচরণ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার সকল সরকারী কর্মকর্তা/জনপ্রতিনিধিগণের দৃষ্টি আকর্ষন করেন।<br>(গ) ইনোভেশন সংক্রান্ত আলোচনা: উপজেলা নির্বাহী অফিসার জানান, স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদান করতে হবে। তিনি আরো জানান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের জন্য প্রিজাইডিং অফিসার নিয়োগ এবং এডহক কমিটিতে অভিভাবক সদস্য মনোনয়নের কার্যক্রমে অন-লাইন চালু করা হয়েছে। এতে করে উক্ত সেবা গ্রহীতাগনকে এখন সেবাটি পাওয়ার জন্য দেরী করতে হয় না। অফিসে আসা লাগে না এবং সেবাটি পেতে কোন অর্থ খরচ করতে হচ্ছে না। অন্যান্য কর্মকর্তাগণকে তিনি নিজ নিজ চিন্তা-চেতনার মাধ্যমে দাপ্তরিক কার্যক্রমে গতি আনয়নের লক্ষ্যে নিত্য-নতুন কৌশল উদ্ভাবন করতে পরামর্শ প্রদান করা হয়। | ১. দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন করতে হবে।<br>৩. স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে এবং স্বল্প যাতায়াতে জনগণকে সেবা প্রদানের লক্ষ্যে ইনোভেশন কার্যক্রম চালু রাখতে হবে। | উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকল |
| ০২ | স্বাস্থ্য ও প.প. বিভাগ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার। |
| ০৩ | উপজেলা প্রকৌশল দপ্তর:<br>উপজেলা প্রকৌশলীর সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় অত্র উপজেলার ০১নং রুহিয়া, ২১নং ঢোলারহাট ইউপি চেয়ারম্যানদ্বয় তাদের এলাকার উন্নয়নের জন্য ০২টি প্রকল্পের নাম ও প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করেছেন। ইতোমধ্যে প্রকল্প দুটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি প্রাক্কলন দুটি সভায় উপস্থাপন করেন এবং প্রকল্পটি বার্ষিক উন্নয়ন কর্মসূচির অর্থায়নের বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচির বরাদ্দ রয়েছে কিনা তা জানতে চাইলে উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান যে, ইউপি চেয়ারম্যানদ্বয় | ১। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পুরাতন জরাজীর্ণ প্রাচীরটি নিলামে বিক্রয়ের লক্ষ্যে প্রস্তাবিত প্রাক্কলনটি অনুমোদনের জন্য জেলা প্রশাসক, ঠাকুরগাঁও | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | প্রকল্পের তালিকা সময়মত দাখিল করতে না পারায়, প্রকল্প দুটি উপজেলা প্রকল্প যাচাই-বাছাই কমিটির সভায় অনুমোদন করা সম্ভব হয় না। প্রকল্পদুটি বাস্তবায়নের মত অর্থ তহবিলে রয়েছে। উক্ত প্রস্তাব নিয়ে সভা বিস্তারিত আলোচনা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে বার্ষিক উন্নয়ন কর্মসূচির বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রস্তাবিত প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>প্রকল্প : ০১নং রুহিয়া ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে খেলাধুলার সামগ্রী সরবরাহ। বরাদ্দ= ২০০০০০/-<br>ক) জনাব মোঃ মনিরুল ইসলাম, চেয়ারম্যান, রুহিয়া ইউপি, প্রকল্প সভাপতি<br>খ) জনাব মোঃ আনোয়ার হোসেন(৩), ইউপি সদস্য, রুহিয়া ইউপি প্রকল্প সচিব<br>গ) জনাব মোছাঃ হনুফা বেগম, ইউপি সদস্য, রুহিয়া ইউপি প্রকল্প সদস্য<br>ঘ)জনাব মোঃ মইনুল হক, গণ্যমান্যসদস্য প্রকল্প সদস্য<br>ঙ) জনাব মোঃ আনোয়ার হোসেন(২), ইউপি সদস্য, রুহিয়া ইউপি প্রকল্প সদস্য<br>প্রকল্প : ২১নং ঢোলার হাট ইউনিয়নের উত্তর বোয়ালিয়া ঘাটের বাউন্ডারী ওয়াল নির্মান । বরাদ্দ = ২০০০০০/- (দুই লক্ষ) টাকা মাত্র।<br>ক) জনাব অখিল চন্দ্র রায়, চেয়ারম্যান, ঢোলারহাট ইউপি, প্রকল্প সভাপতি<br>খ) জনাব নেপালি রানী, ইউপি সদস্য, ঢোলারহাট ইউপি, প্রকল্প সচিব<br>গ) জনাব মোঃ আব্দুর রশিদ, ইউপি সদস্য, ঢোলারহাট ইউপি, প্রকল্প সদস্য<br>ঘ) জনাব মোঃ নজরুল ইসলাম(সবুজ), শিক্ষক, ঢোলারহাট ইউপি, প্রকল্প সদস্য<br>ঙ)জনাব ভারত চন্দ্র রায়, গণ্যমান্য সদস্য, ঢোলারহাট ইউপি প্রকল্প সদস্য<br>তিনি আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে গত ২৩ নভেম্বর ২০২৩ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর নির্মাণের জন্য অনুমোদান পাওয়া গেছে কিন্তু উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীরটি জরাজীর্ণ হওয়ায় নিলামের মাধ্যমে অপসারণ করে নতুন সীমানা প্রাচীর নির্মাণ করা সম্ভব। তিনি জানান পুরাতন সীমানা প্রাচীরটি নিলামে বিক্রয়ের লক্ষ্যে জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয়ের অনুমতি প্রয়োজন। তিনি উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীরটি নিলামের বিক্রয়ের জন্য ৯০,৯৯২/- টাকার একটি প্রাক্কলন প্রস্তুত পূর্বক সভায় উপস্থাপন করেন এবং প্রাক্কলনটি অনুমোদনের জন্য জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয় বরাবরে প্রেরণের জন্য প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের পুরাতন জরাজীর্ণ প্রাচীরটি নিলামে বিক্রয়ের লক্ষ্যে প্রস্তাবিত প্রাক্কলনটি অনুমোদনের জন্য জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয় বরাবরে প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | মহোদয় বরাবরে প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ০৪ | উপজেলা কৃষি অফিস<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান যে, ঠাকুরগাঁও সদর উপজেলায় রবি শষ্য চাষীদের মাঝে মুগ ডাল ও আউশ ধানের প্রণোদনা কার্যক্রম বিতরণ করা হয়েছে। বিভিন্ন প্রদর্শণী বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। সার ডিলারদের প্রতিনিয়ত তদারকির মাধ্যমে বিতরণ কার্যক্রম ও মনিটরিং কাজ চলমান রয়েছে। তিনি জানান এ বছর আলুর ব্যাপক উদপাদন হওয়ায় কৃষকদের হিমাগারে আলু রাখার প্রবণতা অনেক বৃদ্ধি পেয়েছে। হিমাগারগুলোর ধারণ ক্ষমতার চেয়ে উৎপাদন অনেক বেশি হওয়ায় ও দাম কম থাকার কারণের এ ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি তৈরী হচ্ছে; এ বিষয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সার্বক্ষনিকভাবে কৃষক, প্রশাসন ও হিমাগার মালিকগণের সঙ্গে সমন্বয় করে কাজ করে যাচ্ছে এবং কৃষকদের স্থানীয়ভাবে আলু সংরক্ষনের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। তিনি আরও জানান যে, অত্র কৃষি দপ্তরের একটি পার্টনার প্রকল্পের আওতায় একটি নতুন ডাবলকেবিন পিকাপ জীপগাড়ী অত্র কৃষি দপ্তরের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে কিন্তু অত্র কৃষি দপ্তরের গাড়ীর রাখার মতো নির্ধারিত কোন স্থান/গ্যারেজ না থাকায় বিভিন্ন সমস্যা হচ্ছে। তিনি জানান উপজেলা পরিষদের মূল প্রশাসনিক ভবনের পূর্ব পার্শ্বে পুরাতন একটি পুরাতন গ্যারেজ রয়েছে। যেটি উপরে টিনের ছাউনি ও তিন পার্শ্বে প্রাচীর এবং পূর্ব পার্শ্বে খোলা রয়েছে। গাড়ীটির নিরাপত্তার স্বার্থে এই পুরাতন গ্যারেজটি পূর্ব পার্শ্বে খোলা জায়গাটিতে একটি লোহার দরজা নির্মাণ করে স্থায়ীভাবে গাড়ীর গ্যারেজ নির্মাণ করার যেতে পারে। তিনি উপজেলা পরিষদের অর্থায়নের একটি ২.০০(দুই লক্ষ) টাকার প্রকল্প গ্রহণ করে গাড়ীরটি রাখার জন্য পুরাতন গ্যারেজটি মেরামত করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অর্থায়নের ২.০০(দুই লক্ষ) টাকা দ্বারা নিম্নরূপ পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে।<br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অর্থায়নের ২.০০(দুই লক্ষ) টাকা দ্বারা প্রস্তাবিত প্রকল্প ও প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট সকল। |

| | | | |
|---|---|---|---|
| | প্রকল্পের নামঃ উপজেলা পরিষদের মূল প্রশাসনিক ভবনের পূর্ব পার্শ্বে পুরাতন গ্যারেজ সংস্কার করণ। বরাদ্দের পরিমান=২০০০০০/-<br>পিআইসি<br>১। জনাব মোঃ আব্দুল হান্নান, চেয়ারম্যান, রহিমানপুর ইউপি,প্রকল্প সভাপতি<br>২। জনাব মোঃ জুলফিকার আলী ভুট্টো, চেয়ারম্যান, বালিয়া ইউপি, প্রঃ সচিব<br>৩। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান লিটন, চেয়ারম্যান, জগন্নাথপুর ইউপি, প্রঃ সদস্য<br>৪। জনাব মোঃ সাদেকুল ইসলাম, ইউপি সদস্য, রহিমানপুর ইউপি, প্রঃ সদস্য<br>৫। জনাব মোঃ সহিদুল ইসলাম, ইউপি সদস্য, রহিমানপুর ইউপি, প্রঃ সদস্য | | |
| ০৫ | প্রকল্প বাস্তবায়ন দপ্তর :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান পবিত্র রমজান মাস চলছে। ঈদ উপলক্ষ্যে দুঃস্থ ও অসহায় ব্যক্তিদের জন্য ১০(দশ) কেজি ভিজিএফ প্রদান হবে। তিনি যথাসময়ে ভিজিএফ এর তালিকা প্রস্তুত করে উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরে দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৬ | শিক্ষা বিভাগ :<br>উপজেলা শিক্ষা অফিসার জানান তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান প্রাথমিক বিদ্যালয়ের বই বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। বই বিতরণ কাজে সহযোগিতা করার জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ও সংশ্লিষ্ট সকল। |
| ০৭ | পরিবার পরিকল্পনা বিভাগঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান গত মাসের প্রতিবেদন অনুযায়ী এ মাসে খাবার বড়ি(নতুন) গ্রহীতার সংখ্যা-১৯২ জন, কনডম(নতুন) গ্রহীতার সংখ্যা ৭১ জন, ইনজেকটেবলস(নতুন) ৩০৫জন, আইইউডি-১১ জন, ইমপ্লানন ১২৫ জন, পুরুষ স্থায়ী করণ ০১ জন; মহিলা স্থায়ী করণ ৬২ জন গ্রহিতাকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে ডেলিভারীর সংখ্যা-০৬টি এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক ডেলিভারী হয়েছে ৪১ জনের এবং সিজারের মাধ্যমে ডেলিভারী ১০ জন মাকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য সেবা পরামার্শ প্রদান অব্যাহত রয়েছে। তিনি জানান যদিও মাঠ পর্যায়ে স্বাস্থ্য উপকরণ ( যেমন খাবার বড়ি, ইনজেকটেবলের ভায়াল সরবরাহ কম এবং সিরিঞ্জ সরবরাহ নেই) সরবরাহের কিছুটা ঘাটতি রয়েছে, তবুও স্বাস্থ্য সেবা গ্রহীতাগণকে সেবা প্রদান অব্যাহত রয়েছে। এছাড়াও অবস্থা বুঝে ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রের সহকারীগণ নিজেদের ব্যবস্থাপনা আপাতত সিরিঞ্জ সরবরাহ করছেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ০৮ | মৎস্য বিভাগ :<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান যে, স্থানীয় বাজারগুলো নিষিদ্ধ পিরানহা, আফ্রিকান মাগুর ও অপদ্রব্য মেশানো চিংড়ি বিক্রি রোধে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। গত ০৫/০৩/২০২৫ তারিখের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সাথে যৌথভাবে ঠাকুরগাঁও পৌরসভার কালিবাড়ী বাজার, বালিয়া ইউনিয়নের ভুল্লী বাজার এবং গড়েয়া ইউনিয়নের গড়েয়া বাজারে আড়তে অভিযান পরিচালনা করা হয়। এ সময় গড়েয়া বাজারের অতুল মৎস্য আড়তে ১২০ কেজি রং দেয়া মাগুর মাছ পাওয়া যায় এবং এ সময় সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকারের এর মাধ্যমে ভ্রাম্যমান আদালতের মাধ্যমে অভিযুক্ত ব্যক্তিকে ১০০০০/- (দশ হাজার) টাকা জরিমানা করা হয়েছে। তিনি আরও জানান মৎস্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক মাছ সরবরাহ নির্বিঘ্ন আছে কি না, মূল্য ভোক্তাদের জন্য সহনীয় আছে কি না, মাছে ক্ষতিকর রং ও রাসায়নিক দ্রব্যাদি ব্যবহার করা হচ্ছে কিনা সেজন্য গত ১১/০৩/২০২৫ খ্রি. তারিখ অত্র উপজেলার রায়পুর ইউনিয়নের ভাউলারহাটের মাছ বাজার পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে স্থানীয় স্থানীয়দের ভাষ্যমতে উক্ত বাজারটিতে ২০ জনের অধিক ব্যক্তি মাছ বিক্রয় করেন। তার মধ্যে বেশ কয়েক জন খোলা জায়গায় বসে মাছ বিক্রয় করেন। তাই নিয়মিতভাবে মাছ বাজারটি পরিস্কার করণের সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে সভায় মাধ্যমে অনুরোধ জানান। তিনি আরও জানা যে, অত্র উপজেলায় ০২টি মৎস্য অভয়াশ্রম রয়েছে। তার মধ্যে বুড়ির বাঁধ মৎস্য অভয়াশ্রমে কিছু অসাধু ব্যক্তি অবাধে মৎস্য শিকার করছে। তাছাড়া পানি উন্নয়ন বোর্ডের আওতাধীন সুইস গেটের পানি সেপ্টেম্বর-অক্টোবর মাসে খুলে দিলে মাছ কমার আশংকা তৈরী হবে। তাই মৎস্য অভয়াশ্রমগুলোতে | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের প্রক্রিয়া অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ১৯ | জনস্বাস্থ্য বিভাগ<br>উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ২০ | আনসার ভিডিপি অফিস<br>উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার-ভিডিপি অফিসার |
| ২১ | পল্লী উন্নয়ন বিভাগ :<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান উক্ত দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২২ | বিএমডিএ<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ সভায় জানান তাঁর দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৩ | হাট-বাজার<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বাংলা ১৪৩১ সালে হাট-বাজারের ইজারা লব্ধ অর্থের ১০% অর্থ (প্রতি ইউনিয়নে ১,০৪,০০০/-) টাকা দ্বারা প্রতিটি ইউনিয়নের অনুন্নত হাট-বাজারের উন্নয়নের লক্ষ্যে একটি করে প্রকল্প দাখিল করলে তা ১৩/০৩/২০২৫ তারিখে অনুষ্ঠিত উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনায় উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় উপস্থাপনের লক্ষ্যে সুপারিশের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রকল্পসমূহ নিম্নরূপ ঃ-<br>১। রুহিয়া ইউনিয়নের বাংলাবাজারের সিসিটিভি ক্যামেরা স্থাপন<br>২। আখানগর ইউনিয়নের গুঞ্জুরা হাটে সিসিটিভি ক্যামেরা স্থাপন<br>৩। আকচা ইউনিয়নের দেবীগঞ্জ হাটে সিসিটিভি ক্যামেরা স্থাপন<br>৪। বড়গাঁও ইউনিয়নের লক্ষীর হাটে সিসিটিভি ক্যামেরা স্থাপন<br>৫। বালিয়া ইউনিয়নের ভূল্লী হাটে ড্রেণ সংস্কার করণ<br>৬। আউলিয়াপুর ইউনিয়নের বিভিন্ন হাট-বাজারের নলকূপ স্থাপন<br>৭। চিলারং ইউনিয়নের আলাদি হাটের পুরাতন ড্রেণ সংস্কার করণ<br>৮। রহিমানপুর ইউনিয়নের মাদারগঞ্জ হাটে সিসিটিভি ক্যামেরা স্থাপন<br>৯। রায়পুর ইউনিয়নের ভাউলার হাটে আলহাজ্ব নজরুল ইসলামের মুদিদোকান হতে নজরুল কবিরাজের দোকান পর্যন্ত রাস্তা সিসি ঢালাই করণ<br>১০। জামালপুর ইউনিয়নের শিবগঞ্জ বাজারে গণি খলিফার বাড়ি থেকে ধানহাটি যাওয়ার রাস্তায় ড্রেণ নির্মাণ।<br>১১। মোহাম্মদপুর ইউনিয়নের ফেরসাডাঙ্গী বাজারে প্লাটফর্মসহ টিবওয়েল ও প্রসাবখানা নির্মাণ<br>১২। সালন্দর ইউনিয়নের চেরাডাঙ্গী ড্রেণ সংস্কার করণ<br>১৩। রাজাগাঁও ইউনিয়নের পাটিয়াডাঙ্গী বাজারের রহমানের দোকানের সামনে পানি নিষ্কাশন ড্রেন নির্মাণ।<br>১৪। দেবীপুর ইউনিয়নের বিভিন্ন হাট-বাজারে অগভীর নলকূপ স্থাপন.<br>১৫। নারগুন ইউনিয়নের পোকাতি সেন্টার হাট-বাজারের পূর্ব পার্শ্বে স্বাস্থ্য সম্মত ল্যাট্রিণ নির্মাণ।<br>১৬। জগন্নাথপুর ইউনিয়নের খোচাবাড়ী হাটের অভ্যন্তরে অবস্থিত গণটয়লেটটি সংস্কার করণ<br>১৭। শুখানপুখুরী ইউনিয়নের কার্তিকতলা বাজার পাকা রাস্তা হতে ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র যাওয়ার রাস্তা সিসি করণ।<br>১৮। বেগুনবাড়ী ইউনিয়নের দানার হাট মাদ্রাসা সংলগ্ন ড্রেণ সংস্কার ও নির্মাণ।<br>১৯। রুহিয়া পশ্চিম ইউনিয়নের রামনাথ হাটে পানি নিষ্কাশনের ড্রেণ সংস্কার ও পরিস্কারকরণ<br>২০। ঢোলারহাট ইউনিয়নের বালঝালিপুকুর বাজারে আধাপাকা ল্যাট্রিণ নির্মাণ<br>২১। সেনুয়া ইউনিয়নের চৌধুরী হাট বাজারে সুমনের দোকান হতে সাঈদের দোকান পর্যন্ত রাস্তা সোলিং করণ।<br>প্রকল্পসমূহ বাস্তবায়নের পূর্বে অনুমোদন করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত প্রকল্পসমূহ অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সুপারিশকৃত প্রকল্পসমূহ অনুমোদন করা হলো এবং স্ব স্ব ইউনিয়ন পরিষদে গঠিত কমিটির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল। |
| ২৪ | বিবিধঃ<br>ক) প্যানেল চেয়ারম্যান, ০৬নং আউলিয়াপুর ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের গ্রামপুলিশের পদ শুন্য রয়েছে। ফলে উক্ত ওয়ার্ডের আইনশৃঙ্খলাসহ সরকারি বিভিন্ন কাজে ব্যহত হচ্ছে। তিনি জরুরী ভিত্তিতে তার ইউনিয়নের গ্রামপুলিশের শূন্যপদ পূরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>খ) প্যানেল চেয়ারম্যান, ০৭নং চিলারং ইউপি সভায় জানান যে, তার | | উপজেলা নির্বাহী অফিসার। |

| | | | |
|---|---|---|---|
| | ইউনিয়নের ০৮নং ওয়ার্ডের গ্রামুলিশ(মহল্লাদার) জনাব সলিম উদ্দীন সরকারি নিয়ম অনুযায়ী ৫৯ বছর পূর্তি হওয়ায় প্রায় ছয় মাস আগে অবসর গ্রহণ করেছেন। উক্ত ওয়ার্ডের গ্রামপুলিশের মহল্লাদার পদটি শুন্য থাকার কারণে ওয়ার্ডের আইনশৃঙ্খলাসহ সরকারি বিভিন্ন কাজে ব্যহত হচ্ছে। তিনি জরুরী ভিত্তিতে তার ইউনিয়নের গ্রামপুলিশের শূন্যপদ পূরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>গ) প্যানেল চেয়ারম্যান, ১৩নং গড়েয়া ইউপি জানান যে, তার ইউনিয়নের তার ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের গ্রামপুলিশ মহল্লাদার জনাব শংকর চন্দ্র বর্মন গত ২০২০ সাল হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছে। ইতোমধ্যে জনাব শংকর চন্দ্র বর্মন, গ্রামপুলিশ(মহল্লাদার)কে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কার্যালয় হতে দুই থেকে তিন বার কারণ দর্শানো পত্র প্রদান করা হয়েছে। কারণ দর্শানো পত্র প্রাপ্তির পরও তিনি কোন সন্তোষজনক জবাব দাখিল করেন নাই। তার অনুপস্থিতির কারণে উক্ত ওয়ার্ডের জন্য নিবন্ধণসহ সরকারী বিভিন্ন কাজে সমস্যা হচ্ছে। কর্তৃপক্ষের বিনা অনুমতিতে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে এবং সরকারি কাজের সুবিধার্থে জরুরী ভিত্তিতে জনাব শংকর চন্দ্র বর্মন-কে গ্রামপুলিম(মহল্লাদার) পদ হতে চুড়ান্ত ভাবে বরখাস্ত করে, তার স্থলে নতুন করে একজন গ্রামপুলিশ(মহল্লাদার) নিয়োগ প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>ঘ) প্যানেল চেয়ারম্যান, ১৪নং রাজাগাঁও ইউপি সভায় জানান যে, একজন মহল্লাদার গত ০১/১০/২০২৪ তারিখের মৃত্যুবরণ করায় গ্রামপুলিশের পদটি শূণ্য রয়েছে। তিনি জরুরী ভিত্তিতে গ্রামপুলিশের শূন্য পদ পুরণের জন্য অনুরোধ জানান।<br>ঙ) প্যানেল চেয়ারম্যান, ১৬নং নারগুন ইউপি সভায় জানান যে, তার ০৪নং ওয়ার্ডের গ্রামপুলিশ গত ১৬/০১/২০২৫ তারিখের মৃত্যুবরণ করায় গ্রামপুলিশের পদটি শূণ্য রয়েছে। তিনি জরুরী ভিত্তিতে গ্রামপুলিশের শূন্য পদ পুরণের জন্য অনুরোধ জানান। | | |

৩। <u>উপজেলা রাজস্ব তহবিলের আয়-ব্যয় অনুমোদন :</u>

ব্যয় : আলোচ্য সময়ে উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত অর্থের নিম্নরূপ বিবরণী সভায় উপস্থাপন করা হয়: -

| ক্রম | গ্রহণকারীর নাম | বিবরণ | চেক নং | তারিখ | টাকার পরিমান |
|---|---|---|---|---|---|
| ০১ | সভাপতি, ঠাকুরগাঁও গণমাধ্যমকর্মী কল্যাণ ট্রাষ্ট, ঠাকুরগাঁও। | আর্থিক সহযোগিতা প্রদানের | ৬৪৭৪৩৯৪ | ২৪/০২/২০২৫ | ৪০০০০.০০ |
| ০২ | মোঃ শহিদুল ইসলাম,আনছার (পি,সি),ঠাকুরগাঁও | আনছার ব্যারাকের জন্য বিল বোর্ড,সাইন বোর্ড, রেজিষ্টার খাতা,সাদা অপসেট পেপার ইত্যাদি তৈরী ও ক্রয়ের বিল প্রদান। | ৬৪৭৪৩৯৫ | ২৪/০২/২০২৫ | ৮২৭০.০০ |
| ০৩ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববতী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৬৪৭৪৩৯৬ | ২৪/০২/২০২৫ | ৮২৭.০০ |
| ০৪ | মোঃ ফাহিম হোসেন,অফিস সহায়ক, ইউ.এন.ও অফিস, ঠাকুরগাঁও সদর। | শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস,২০২৫ উপলক্ষে ০৩ টি ফুলের ডালা তৈরীর বিল প্রদান। | ৬৪৭৪৩৯৭ | ২৪/০২/২০২৫ | ১০৮০০.০০ |
| ০৫ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববতী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৬৪৭৪৩৯৮ | ২৪/০২/২০২৫ | ১০৮০.০০ |
| ০৬ | জনাব মোঃ মনিরুল ইসলাম, প্রোঃ মেসার্স মনির মটর ওয়ার্কস, নতুন বাসটার্মিনাল এর পার্শ্বে (দিনাজপুর রোড) ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদের ঠাকুরগাঁও-ঘ-১১-০০৩০ নম্বর জীপগাড়ীটি রং করণের মজুরীর বিল প্রদান। | ৬৪৭৪৩৯৯ | ২৬/০২/২০২৫ | ৬০০০.০০ |
| ০৭ | জনাব মোঃ মনিরুল ইসলাম, প্রোঃ মেসার্স মনির মটর ওয়ার্কস, নতুন বাসটার্মিনাল এর পার্শ্বে (দিনাজপুর রোড) ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদের ঠাকুরগাঁও-ঘ- ১১-০০৩০ নম্বর জীপগাড়ীটি ১টি সামনের গ্লাস ও ১টি পিছনের গ্লাস সরবরাহের বিল প্রদান। | ৬৪৭৪৪০০ | ২৬/০২/২০২৫ | ২২৫০০.০০ |
| ০৮ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববতী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৬৪৭৪৪০১ | ২৬/০২/২০২৫ | ২৫০০.০০ |
| ০৯ | জনাব মোঃ মনিরুল ইসলাম, প্রোঃ মেসার্স মনির মটর ওয়ার্কস, নতুন বাসটার্মিনাল এর পার্শ্বে (দিনাজপুর রোড) ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদের ঠাকুরগাঁও-ঘ-১১-০০৩০ নম্বর জীপগাড়ীটি ০৬টি সাইট গ্লাস সরবরাহের বিল প্রদান। | ৬৪৭৪৪০২ | ২৬/০২/২০২৫ | ২১৬০০.০০ |
| ১০ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববতী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৬৪৭৪৪০৩ | ২৬/০২/২০২৫ | ২৪০০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১ | জনাব মোঃ মনিরুল ইসলাম, প্রোঃ মেসার্স মনির মটর ওয়ার্কস, নতুন বাসটার্মিনাল এর পার্শ্বে (দিনাজপুর রোড) ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদের ঠাকুরগাঁও-ঘ-১১-০০৩০ নম্বর জীপগাড়ীটি ০৩টি লুকিং গ্লাস সরবরাহের বিল প্রদান। | ৬৪৭৪৪০৪ | ২৬/০২/২০২৫ | ১৩৫০০.০০ |
| ১২ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৬৪৭৪৪০৫ | ২৬/০২/২০২৫ | ১৫০০.০০ |
| ১৩ | জনাব মোঃ মনিরুল ইসলাম, প্রোঃ মেসার্স মনির মটর ওয়ার্কস, নতুন বাসটার্মিনাল এর পার্শ্বে (দিনাজপুর রোড) ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদের ঠাকুরগাঁও-ঘ-১১-০০৩০ নম্বর জীপগাড়ীটির রং ক্রয়ের বিল প্রদান। | ৬৪৭৪৪০৬ | ২৬/০২/২০২৫ | ২২৫০০.০০ |
| ১৪ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৬৪৭৪৪০৭ | ২৬/০২/২০২৫ | ২৫০০.০০ |
| ১৫ | জনাব মোঃ আব্দুল হান্নান হান্নু, চেয়ারম্যান ও প্রকল্প চেয়ারম্যান, ০৮নং রহিমানপুর ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদ অডিটরিয়াম মেরামত ও সংস্কার করণ প্রকল্পের চূড়ান্ত বিল প্রদান। | ৬৪৭৪৪০৮ | ২৭/০২/২০২৫ | ১৭১০০০.০০ |
| ১৬ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৬৪৭৪৪০৯ | ২৭/০২/২০২৫ | ১৫০০০.০০ |
| ১৭ | আয়কর কোড ১/১১৪১/০০৬৫/০১১১ | পূর্ববর্তী বিলের আয়কর বাবদ অর্থ জমা | ৬৪৭৪৪১০ | ২৭/০২/২০২৫ | ১৪০০০.০০ |
| ১৮ | জনাব পরিতোষ কুমার দেবনাথ, উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | গত ২৫/০২/২০২৫ তারিখ স্থানীয় সরকার দিবস উপলক্ষ্যে র‍্যালী ও আলোচনা সভায় আপ্যায়নের বিল প্রদান। | ৬৪৭৪৪১১ | ২৭/০২/২০২৫ | ১০৩৫০.০০ |
| ১৯ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৬৪৭৪৪১২ | ২৭/০২/২০২৫ | ১১৫০.০০ |
| ২০ | জনাব মোঃ রাজু আহমেদ, টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অস্থায়ী কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৬৪৭৪৪১৩ | ০২/০৩/২০২৫ | ১৫০০০.০০ |
| ২১ | জনাব মোঃ রবিউল ইসলাম, মালী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | অস্থায়ী কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৬৪৭৪৪১৪ | ০২/০৩/২০২৫ | ১৫০০০.০০ |
| ২২ | জনাব মোঃ নজরুল ইসলাম, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৬৪৭৪৪১৫ | ০২/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ২৩ | জনাব মোঃ জাপান, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৬৪৭৪৪১৬ | ০২/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ২৪ | জনাব মোঃ আলিউল ইসলাম, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | অস্থায়ী কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৬৪৭৪৪১৭ | ০২/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ২৫ | জনাব মোঃ ইসমাইল হোসেন, কেয়ারটেকার, বলাকা উদ্যান, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৬৪৭৪৪১৮ | ০২/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ২৬ | জনাব মোঃ আলমগীর হোসেন, অস্থায়ী নিরাপত্তা প্রহরী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর। | অস্থায়ী কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৬৪৭৪৪১৯ | ০২/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ২৭ | জনাব রঞ্জন চন্দ্র দাস, হলরুম কেয়ারটেকার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৬৪৭৪৪২০ | ০২/০৩/২০২৫ | ৯০০০.০০ |
| ২৮ | জনাব মোঃ রুবেল ইসলাম, জীপগাড়ী ক্লিনার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৬৪৭৪৪২১ | ০২/০৩/২০২৫ | ৯০০০.০০ |
| ২৯ | জনাব রতন কুমার সাহা, হলরুম কেয়ারটেকার, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর | অস্থায়ী কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৬৪৭৪৪২২ | ০২/০৩/২০২৫ | ৯০০০.০০ |
| ৩০ | জনাব বিপুল চন্দ্র দাস, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৬৪৭৪৪২৩ | ০২/০৩/২০২৫ | ১৪০০০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩১ | জনাব রুমা রাণী, পরিচ্ছন্নকর্মী, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও | অস্থায়ী কর্মচারীর ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ৬৪৭৪৪২৪ | ০২/০৩/২০২৫ | ৯০০০.০০ |
| ৩২ | জনাব মোঃ নুরনবী, সংবাদ বিতরণী, ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদে জানুয়ারি/২০২৫ মাসের পত্রিকা বিল প্রদান। | ৬৪৭৪৪২৫ | ০২/০৩/২০২৫ | ৫৭৪.০০ |
| ৩৩ | জনাব মোঃ হারুন অর রশিদ, দোকানদার উপজেলা পরিষদ জামে মসজিদ মার্কেট, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | ফেব্রুয়ারি/২০২৫ মাসে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে কর্মরত আনসার সদস্যদের জন্য ০২টি গ্যাসের সিলিন্ডার সরবরাহের বিল প্রদান। | ৬৪৭৪৪২৬ | ০২/০৩/২০২৫ | ৩২০০.০০ |
| ৩৪ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৬৪৭৪৪২৭ | ০২/০৩/২০২৫ | ৩২০.০০ |
| ৩৫ | মোঃ ফাহিম হোসেন,অফিস সহায়ক, | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বৈদ্যুতিক মালামাল ক্রয় করে সংযোজনের বিল প্রদান। | ৬৪৭৪৪২৮ | ০২/০৩/২০২৫ | ১৬৮৫.০০ |
| ৩৬ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৬৪৭৪৪২৯ | ০২/০৩/২০২৫ | ১৬৯.০০ |
| ৩৭ | জনাব মোঃ জুলফিকার আলী ভূট্টো, চেয়ারম্যান ও প্রকল্প চেয়ারম্যান, ০৫নং বালিয়া ইউপি, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। | উপজেলা পরিষদ অডিটরিয়াম মেরামত ও সংস্কার করণ প্রকল্পের চুড়ান্ত বিল প্রদান। | ৬৪৭৪৪৩০ | ১০/০৩/২০২৫ | ১৭১০০০.০০ |
| ৩৮ | ভ্যাট কোড ১/১১৩৩/০০৪৫/০৩১১ | পূর্ববর্তী বিলের ভ্যাট বাবদ অর্থ জমা প্রদান | ৬৪৭৪৪৩১ | ১০/০৩/২০২৫ | ১৫০০০.০০ |
| ৩৯ | আয়কর কোড ১/১১৪১/০০৬৫/০১১১ | পূর্ববর্তী বিলের আয়কর বাবদ অর্থ জমা | ৬৪৭৪৪৩২ | ১০/০৩/২০২৫ | ১৪০০০.০০ |
| ৪০ | গ্রামপুলিশের বেতন ভাতা সংক্রান্ত তহবিল চলতি হিসাব নম্বর ০১০০২৬০৯৫৩১৯৭, জনতা ব্যাংক, ঠাকুরগাঁও শাখায় | ২২টি ইউনিয়ন পরিষদে কর্মরত গ্রামপুলিশগণের ফেব্রুয়ারী/২০২৫মাসের বেতন-ভাতা প্রদানের জন্য স্থানান্তর করণ। | ৬৪৭৪৪৩৩ | ১১/০৩/২০২৫ | ৯৫১৮৫০.০০ |

বর্ণিত ব্যয়গুলোর বিষয়ে সভায় আলোচনা হয়। সার্বিক বিবেচনায় ব্যয়সমূহ যৌক্তিক বিধায় ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হয়।

## ০৬। প্রশাসক ও সভাপতি

জনাব মোঃ খাইরুল ইসলাম, প্রশাসক ও সভাপতি সভায় জানান যে, আজকের সভায় দীর্ঘ সময় ধরে বিভিন্ন আলোচনা হয়েছে এবং খুবই চমৎকার আলোচনা হয়েছে। তিনি জানান যে সমস্ত কর্মকর্তা উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত হতে পারবেন না, সেই সমস্ত কর্মকর্তা তার একজন প্রতিনিধি প্রেরণ করবেন এবং সভায় অনুপস্থিত থাকার বিষয়টি তিনি তার দপ্তরের মাধ্যমে লিখিতভাবে জানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। তিনি আরও জানান যে সমস্ত ইউনিয়ন পরিষদের গ্রামপুলিশের পদ শূন্য রয়েছে, সেগুলোতে জরুরী ভিত্তিতে লোক নিয়োগ প্রদান করে গ্রামপুলিশের শূন্য পদ পুরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

পরিশেষে সকলের সু-স্বাস্থ্য কামনা করে এবং আবারও ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

13.05.25

(মোঃ খাইরুল ইসলাম)
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
unothakurgaon@mopa.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪৯৪.০০০.৩৩.০০১.২৪-৫৩১(৫০)

তারিখ : ১৩/০৩/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
৭। ---------------------

13.03.25

(মোঃ খাইরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
মোবাইল-০১৭০৭৪৪৯০৯০